



## Department of Education

Chancellor Richard A. Carranza

11 ফেব্রুয়ারি, 2020

প্রিয় পরিবারবর্গ,

প্রতি দিন, সিটির সর্বত্র শিক্ষক, শিক্ষার্থী, এবং পরিবারেরা আমাদের স্কুলগুলো যেন আন্তরিক, সর্বজনীন পরিবেশ এবং যেকোন প্রকার বৈষম্য এবং অসহিষ্ণুতা মুক্ত তা নিশ্চিত করতে কঠোর পরিশ্রম করে যাচ্ছে। নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলগুলোতে এন্টি-সেমিটিজম (ইহুদি ধর্মাবলম্বীদের প্রতি বিদ্বেষ), বর্ণবাদ, অথবা ঘৃণার কোনও স্থান নেই।

এই অঙ্গীকার বাস্তবে পরিণত হয় আমাদের ক্লাসরুম, হলওয়ে, এবং স্কুল প্রাঙ্গণগুলোতে যেখানে শিক্ষার্থী, স্টাফ, এবং পরিবারদের সমর্থনে আমরা সকলে সক্রিয়ভাবে কাজ করি। এটা আমাদের সকলের উপর নির্ভর করে—এবং পালন করার মত সকলের একটি ভূমিকা রয়েছে।

এই প্রয়াসের অংশ হিসেবে, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) অব্যাহতভাবে স্কুল ও পরিবারদের রিসোর্স প্রদান করে যাচ্ছে যা আমাদের সিটির বৈচিত্র্যময় কমিউনিটিগুলো সম্পর্কে সচেতনতা এবং উপলব্ধি লালন করে, এবং ঘৃণার ধ্বংসাত্মক শক্তি প্রদর্শন করে। আমাদের অঙ্গীকারের সম্মান জানাতে এবং এই গুরুত্বপূর্ণ কাজ অব্যাহত রাখতে, আমরা আনন্দের সাথে জানাচ্ছি যে, মিউজিয়াম অভ জিউইশ হেরিটেজ – যা হলোকাস্টের একটি জীবন্ত স্মৃতিসৌধ –এর সাথে DOE অংশীদারত্ব সম্প্রসারিত করেছে।

আজ থেকে শুরু করে 30 অগাস্ট, 2020 পর্যন্ত, সকল নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল শিক্ষার্থীরা এই জাদুঘরে পরিবারের সর্বোচ্চ তিনজন সদস্যকে নিয়ে বিনামূল্যে প্রদর্শন করতে পারবে।

মিউজিয়াম অভ জিউইশ হেরিটেজ – যা হলোকাস্টের একটি জীবন্ত স্মৃতিসৌধ, ম্যানহ্যাটানের ব্যাটারি পার্ক সিটিতে 36 Battery Place ঠিকানায় অবস্থিত, এবং কয়েকটি সাবওয়ে লাইন থেকে হেঁটে যাবার দূরত্বে।

উপস্থিত হবার পর, অনুগ্রহ করে, জাদুঘরের ভিজিটর সার্ভিস ডেস্কে বর্তমানে NYC পাবলিক স্কুলে ভর্তির প্রমাণ (স্টুডেন্ট ID অথবা সর্বসম্প্রতিক রিপোর্ট কার্ড) সহ অগ্রসর হোন, এটা বাধ্যতামূলক। আপনার ভিজিটর সাথে অন্তর্ভুক্ত একটি অডিও গাইড, যা ইংরেজি, স্প্যানিশ, হিব্রু, ম্যান্ডারিন, জার্মান, পোলিশ, অথবা রাশিয়ান ভাষায় অফার করা হয়।

এই জাদুঘর প্রদর্শন সংক্রান্ত আরো তথ্যের জন্যে, এতে অন্তর্ভুক্ত সময়সূচি এবং ছুটির দিন, পাওয়া যাবে (<https://mjhnyc.org/visitor-information>) -এই ওয়েবসাইটে (শুধুমাত্র ইংরেজিতে)। আপনার পরিবারের জন্যে কোনটি সবচেয়ে ভাল হবে সে সিদ্ধান্ত নিতে বিভিন্ন প্রদর্শনী পড়তে ভুলবেন না, এবং আপনার সন্তানদের বয়স বিবেচনা করবেন।

নিউ ইয়র্ক সিটি পৃথিবীর সেরা শহর, এবং আমাদের স্কুল সিস্টেম এই দেশের সবচেয়ে ব্যতিক্রমী, এর পিছে রয়েছে আমাদের কমিউনিটির অসাধারণ বৈচিত্র্যময়তা। আমরা সকলে নিউ ইয়র্কার এবং নিউ ইয়র্কার হিসেবে প্রতিটি স্কুলের, প্রতিটি ক্লাসরুম আমরা সহনশীলতা এবং গ্রহণযোগ্যতার চেয়ে আরো এগিয়ে সক্রিয় উদযাপন এবং অন্তর্ভুক্তির স্থানে পরিণত করতে চাই।

আমরা আশা করছি আপনারা এই গুরুত্বপূর্ণ সুযোগটির সুফল গ্রহণ করবেন।

একাত্তর,

রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)